



Beats of My Heart

শেয়ারহোল্ডারদের ১০% নগদ লভ্যাংশ দিবে লাভেলো আইসক্রিম

শেয়ার বাজারে তালিকাভুক্ত খাদ্য ও আনুসঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুড্‌স এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির পরিচালনা পর্ষদ ৩০ জুন ২০২৩ সমাপ্ত অর্থবছরের আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে শেয়ারহোল্ডারদের জন্য ১০ শতাংশ নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে।

নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুসারে, ২০২৩ হিসাব বছরে কোম্পানিটির শেয়ার প্রতি আয় (ইপিএস) হয়েছে ১.২৪ টাকা, আগের হিসাব বছরে ইপিএস হয়েছিল ১.৪৩ টাকা। ৩০ জুন, ২০২৩ তারিখে কোম্পানিটির শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য দাঁড়িয়েছে ১২ টাকা ৯৪ পয়সা, আগের হিসাব বছরে শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য হয়েছিল ১২ টাকা ৯০ পয়সা।

ঘোষিত লভ্যাংশ ও অন্যান্য এজেন্ডায় শেয়ারহোল্ডারদের অনুমোদন নিতে আগামী ২৮ ডিসেম্বর, ২০২৩ সকাল ১১.৩০ মিনিটে ডিজিটাল প্ল্যাটফর্মে কোম্পানিটির বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ২০ নভেম্বর, ২০২৩।

২০২১ সালে পুঁজিবাজারে তালিকাভুক্ত হওয়া লাভেলো আইসক্রিম পিএলসির অনুমোদিত মূলধন ১০০ কোটি টাকা। পরিশোধিত মূলধন ৮৫ কোটি টাকা। রিজার্ভে রয়েছে ২৪.৬ কোটি টাকা। মোট শেয়ার সংখ্যা ৮ কোটি ৫০ লাখ। এর মধ্যে ৪৪ দশমিক ৬৫ শতাংশ রয়েছে উদ্যোক্তা পরিচালকদের হাতে। এছাড়া ১৯ দশমিক ৫১ শতাংশ প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও বাকি ৩৫ দশমিক ৮৫ শতাংশ শেয়ার সাধারণ বিনিয়োগকারীদের হাতে রয়েছে।